৫৭

তারিখ 21 DEC 1993
পৃষ্ঠা ২ কলাম ৩

আজকের কাগজ

## গ্রন্থাগার সমিতির জাতীয় সেমিনার ২৬ ডিসেম্বর

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি আয়োজিত তিনদিনব্যাপী জাতীয় সেমিনার ও সাধারণ সভার উদ্বোধনী অনুষ্ঠান ২৬ ডিসেম্বর '৯৩ সকাল ১০-৩০ মিনিটে, ঢাকাস্থ ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি থাকবেন। শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার, শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মুহাম্মদ ইউনুস খান, সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী অধ্যাপিকা জাহানারা বেগম সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। আমন্ত্রিত অতিথিদেরকে সকাল ১০টার মধ্যে আসন গ্রহণ করার জন্যে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। ২৮ ডিসেম্বর ১৯৯৩-এ অনুষ্ঠেয় সাধারণ সভায় সমিতির সম্মানিত সদস্যদেরকে সকাল ৮টার মধ্যে উপস্থিত থাকার জন্যে অনুরোধ করা যাচ্ছে। খবর বিজ্ঞপ্তি।